বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ৪১০৩০০৪৯, ওয়েবসাইট www.ntrca.gov.bd

# জরুরী বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লেখযোগ্য সংখ্যক নিবন্ধনধারী টেলিফোনের মাধ্যমে তাঁদের বয়সসীমা ৩৫ বছর করার বিষয়ে এনটিআরসিএ-কে দায়ী করে এ অফিসে ফোন করছেন এবং বিভিন্ন মিডিয়ায় বিভ্রান্তিমূলক বক্তব্য প্রদান করছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিবন্ধনধারীদের মধ্য হতে রুজু করা ১৬৬ টি মামলা একসাথে শুনানি করে মহামান্য হাইকোর্ট সাতটি সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদান করেন যার মধ্যে বয়স সংক্রান্ত নির্দেশনাটি নিম্নরুপ:

> "In the entry process of the job since no age limit has been fixed in any of the provisions of law, so we are of the view that the Government should take an immediate appropriate initiative for fixing the age limit of the applicants for the purpose of appointment of the teachers to the Non-Government Educational Institution;"

নিবন্ধন সনদধারীদের করা রীট মামলায় মহামান্য হাইকোর্টের উপরোক্ত নির্দেশনায় সরকার এন্ট্রি লেভেলে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর করেছে। এর আগে কোন বয়স সীমারেখা ছিল না। অর্থাৎ কিছু কিছু নিবন্ধনধারীদের আইনি পদক্ষেপের কারণে এই বয়সসীমা নির্ধারণ করা হয়েছে এতে এনটিআরসিএ বা সরকারের কোন হাত ছিল না । সুতরাং এজন্য এনটিআরসিএ-কে দোষারোপ করা সম্পূর্ণ অযৌক্তিক।

এন্ট্রি লেভেলে প্রবেশের বয়সসীমা নির্ধারণ করার প্রেক্ষিতে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত বা সংক্ষুব্ধ হলে তার বিরুদ্ধে উচ্চতর আদালতে আপিল করতে পারতেন। কিন্তু অনুসন্ধানে জানা যায় যে, এখন পর্যন্ত কোন ব্যক্তি বা পক্ষ উপরোক্ত মহামান্য হাইকোর্টের আদেশকে Challenge করে কোন প্রকার আপিল দায়ের করেননি। ইতোমধ্যে আপিল করার সময়সীমা উত্তীর্ণ হয়ে গেছে। সুতরাং তামাদি আইনে বারিত থাকার কারণে ৩৫ বছর বয়সসীমাকে Challenge করে কোন আপিল বা নতুন (fresh) রীট পিটিশন দাখিল করার আইনানুগ সুযোগ নেই। এরপরেও যদি বিশেষ কোন আগ্রহী মহল আদালতের আদেশ Challenge করে আপিল বা নতুন (fresh) রীট পিটিশন দাখিল করেন এবং সুপ্রিমকোর্ট হতে যদি নতুন কোন নির্দেশনা দেয়া হয় তবে তা প্রতিপালন করতে সরকার বা এনটিআরসিএ বাধ্য থাকবে। কিন্তু এ বিষয়ে কোন আপিল judgement প্রাপ্ত না হয়ে এ কারণে এনটিআরসিএ-কে দোষারোপ করা অযৌক্তিক বিধায় তা পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এখানে আরোও উল্লেখ্য যে, সরকারি সকল চাকুরিতে এমনকি অধিকাংশ বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরির ক্ষেত্রে এন্ট্রি লেভেলের বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর রাখা আছে। সরকার মহামান্য হাইকোর্টের উপরে বর্ণিত আদেশের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে চাকুরিতে প্রবেশের বয়স ৩০ বছর করতে পারত কিন্তু দেখা যাচ্ছে এখানে আরো ৫ বছর বাড়িয়ে দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদপ্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর করেছে। সুতরাং এক্ষেত্রে সরকার বরং সাধুবাদ পাওয়ার দাবীদার।

এমতাবস্থায়, এ বিষয়ে এনটিআরসিএ-কে বা সরকারকে দোষারোপ না করার জন্য এবং বিভ্রান্তিমূলক বক্তব্য না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান
এনটিআরসিএ